গাংনীতে পৃথক পৃথক ভাবে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে স্বল্প পরিসরে উদযাপিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। বৈশ্বিক ব্যাধি নোভেল করোনা ভাইরাসের কারণে বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসন ও দলীয় পর্যায়ে পৃথক ভাবে কর্মসূচী পালন করা হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক। পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উপজেলা প্রশাসনের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমান ও সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। পরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ গাংনী কমান্ড, বাংলাদেশ পুলিশ গাংনী থানা ও পৌর আওয়ামীলীগের পক্ষ থেকে উপজেলা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এ সময় গাংনী থানা কর্মকর্তা (তদন্ত ওসি) সাজেদুল ইসলাম, সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান একেএম শফিকুল আলমসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীসহ সরকারি অফিসের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও পুলিশ বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। পরে নোভেল করোনা ভাইরাসের প্রতিকার ও শহীদদের আত্মার মাগফেরাত করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন উপজেলা পরিষদ মসজিদের পেশ ঈমাম ইলিয়াস হোসেন।

অপর দিকে বৃহস্পতিবার সকাল ৭ টার দিকে গাংনী বাসষ্ট্যান্ডের রেজাউল চত্বরে পৌর আওয়ামী লীগের আয়োজনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

দলীয় পতাকা উত্তোলন করেন পৌর আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, যুবলীগের সভাপতি আশরাফউদ্দিন বাবু, উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক অনিক, স্বেচ্ছাসেবক লীগের আরিফুল ইসলাম সোবহান ও কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান নিজ নিজ সংগঠনের পতাকা উত্তোলন করেন। এ সময় সংশ্লিষ্ট সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সকাল ৮ টার দিকে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে গাংনী বাসষ্ট্যান্ডের রেজাউল চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। ৭৪ মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জাতীয় পতাকা উত্তোলন করেন।

পরে যুবলীগের পতাকা সাবেক প্যানেল মেয়র নবীর উদ্দিন, দলীয় পতাকা উপজেলা আওয়ামী লীগের গোলাম মোস্তফা, ছাত্রলীগের পতাকা হাসিবুর রহমান, স্বেচ্ছাসেবক লীগের পতাকা আবুল বাশার, তাঁতী লীগের পতাকা মনিরুল ইসলাম ও আঃ মজিদ, মৎস্য লীগের পতাকা আলম ও খলিলুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার,বিশিষ্ট আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ।

পতাকা উত্তোলন শেষে রেজাউল চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে উপজেলা পরিষদ শহীদ মিনারে পুষ্পার্ঘ অর্পণ করা শেষে সকল শহীদদের প্রতি সম্মান প্রদর্শনের জন্য এক মিনিট নীরবতা পালন শেষে বিশেষ মোনাজাত করা হয়। বিশেষ মোনাজাত পরিচালনা করেন ৭৪ মেহেরপুর -২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

মুজিবনগরে সরকারি আইন অমান্য

করায় ৬ ব্যবসায়ীর জরিমানা

সরকারি আইন অমান্য করে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকায় দোকান খোলার দায়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ওসমান গনির নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে ১৭ হাজার ২শ টাকা জরিমানা আদায় করা হয়।

জানা গেছে সরকারি আইন অমান্য করায় মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের দোয়াত আলীর ছেলে সাদিকুল এর নিকট থেকে ১ হাজার টাকা, ঢোল মারি গ্রামের বুদু মন্ডলের ছেলে জোহানের ১ হাজার টাকা, রাজু জুয়েলার্সের মালিক আব্দুর রাজ্জাকের ছেলে গোলাম মোর্তোজার ৫ হাজার টাকা, কোমরপুর বাজারের রোজ ফার্নিচারের মনোয়ারের ছেলে মাসুদের ৫ হাজার টাকা, শিবপুরের মনোরদ্দীনের ছেলে সুইটের ২শ টাকা এবং কেদারগঞ্জ বাজারের চুয়াডাঙ্গা ফার্নিচারের হোসেন আলীর ছেলে মামুনের নিকট থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

গাংনীতে বিভিন্ন সড়কে স্বেচ্ছায় জীবানুনাশক প্রয়োগ করছে একদল যুবক

সড়কে চলাচলকৃত যানবাহন থেকে করোনা ভাইরাস সংক্রামক প্রতিরোধে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামন্দীতে নিজ উদ্যোগে একদল যুবক জীবানু নাশক প্রয়োগ করছে।

মঙ্গলবার সন্ধ্যার পর থেকে জেলার দোকান পাট বন্ধ করা সহ আন্তঃ জেলার গণপরিবহন সিমিত করা হয়েছে বলে ঘোষনা দেন জেলা প্রশাসন। যার ফলে নিজ প্রয়োজনে এক স্থান অন্য স্থানে যেতে হচ্ছে

কর্মব্যাস্ত মানুষকে।

আজ বৃহস্পতিবার সকাল থেকেই মেহেরপুর কুষ্টিয়া সড়কে চলাচলকৃত সকল প্রকার যানবাহন সড়কে থামিয়ে জীবানুনাশক স্প্রে করা হচ্ছে।

তাদের এমন উদ্যোগ অন্য এলাকার যুবকেদের অনুপ্রাণিত করবে বলে জানান সড়কে চলাচল কারীরা।

বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ, পুলিশের গুলিতে নিহত ১

দিনাজপুরের বিরল উপজেলায় বকেয়া বেতনের দাবিতে পাটকলশ্রমিকদের বিক্ষোভের সময় গুলিতে একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন ১০ থেকে ১২ জন। গতকাল বুধবার রাত সাড়ে ১০ টার দিকে উপজেলার বিরল ইউনিয়নের রবিপুর গ্রামে পাটকলের প্রধান ফটকে এই ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির নাম সুরত আলী (৩৬)। তিনি পাটকলের পাশের চায়ের দোকানি ও বিরল পৌর এলাকার হোসনা গ্রামের মোহাম্মদ আলীর ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, প্রায় তিন সপ্তাহের বকেয়া বেতনের দাবিতে বুধবার সন্ধ্যা থেকে রূপালী জুট মিলের সামনে শ্রমিকেরা বিক্ষোভ শুরু করেন। সন্ধ্যা থেকে আলোচনার মাধ্যমে সমঝোতার চেষ্টা করেন মিলের ব্যবস্থাপনা পরিচালক এম আব্দুল লতিফ। পরে এম আব্দুল লতিফ ঘটনাস্থলে এসে শ্রমিকদের শান্ত করার চেষ্টা করেন। কিন্তু শ্রমিকেরা উত্তেজিত হয়ে মিলের কার্যালয় ভাঙচুর শুরু করেন। এ সময় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে গুলি ছোড়ে ও কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে।

বিরল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নাসিম হাবিব এক ব্যক্তির নিহত হওয়ার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, শ্রমিকদের হামলায় ৩ পুলিশ সদস্যও আহত হয়েছেন। শ্রমিকদের শান্ত করার চেষ্টা করা হয়েছে। পুলিশের কথায় কর্ণপাত না করে তাঁরা কারখানা ভাঙচুর করেছিলেন। পুলিশ বাধা দিলে একপর্যায়ে উল্টো

পুলিশের ওপর ইটপাটকেল ছুড়তে শুরু করেন শ্রমিকেরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ প্রথমে কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে এবং পরে কয়েকটি ফাঁকা গুলি ছোড়ে। এ সময় উভয় পক্ষের হামলায় একজনের মৃত্যু হয়েছে।
বিরল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. আব্দুল মোকাদ্দেস আজ বৃহস্পতিবার সকালে জানান, একজনকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছে। নিহত ব্যক্তির থুতনিতে একটি গুলির চিহ্ন পাওয়া গেছে। লাশ ময়নাতদন্তের জন্য দিনাজপুর এম. আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

সূত্র: প্রথম আলো#

মেহেরপুরে যে কোন সময় সেনাবাহিনী , শহর ফাঁকা

প্রায় এক মাস আগে চীনে নতুন করোনাভাইরাসের সংক্রমণ শুরু হওয়ার পর এখন তা ছড়িয়ে পড়েছে সারা বিশ্ব । এই ভাইরাসের সংক্রমণ আরও কতটা ব্যাপকভাবে ছড়াতে পারে এবং কত মানুষ এতে আক্রান্ত হতে পারে তা নিয়ে চিন্তিত বিশেষজ্ঞরা।

এখনো এটিকে বিশ্ব মহামারী বলে ঘোষণা করা হয়নি। কিন্তু বিশ্বকে এই করোনাভাইরাসের এক মহামারীর মুখোমুখি হতে হবে- এমন আশংকায় কর্মকর্তারা এখন থেকেই প্রস্তুতি নিতে শুরু করেছেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও ঘনীভূত করোনাভাইরাস আতঙ্ক।

করোনা ভাইরাস সংক্রমণ এড়াতে গত ২৫ থেকে দেশের সুপার মার্কেট ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ । তবে কাঁচাবাজার, মুদি দোকান, ফার্মেসি এবং নিত্যপণ্যপর দোকান খোলা আছে।

এর ধারাবাহিকতায় বন্ধের দ্বিতীয় দিনে মেহেরপুরে সকল প্রকার ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বৃহস্পতির সকালে মেহেরপুর শহরের প্রতিটি এলাকায় ঘুরে দেখা গেছে সকল প্রকার দোকানপাট বন্ধ রাখতে।

এদিকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় মূল শহর একেবারে ফাঁকা অবস্থা বিরাজ করছে। শহরে সকল প্রকার ইজিবাইক ও রিকশা চলাচল করলেও তাতে যাত্রী সংখ্যা খুবই কম দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান অনাড়ম্বরভাবে পালিত হয়েছে। মানুষজনকে খুব একটা ঘরের বাইরে বের হতে দেখা যাচ্ছে না।

আজ দিনের যেকোনো সময় সেনাবাহিনীর সদস্যরা শহরে নামতে পারেন বলে ধারণা করা হচ্ছে। এদিকে চৈত্র মাস শুরু হওয়ার পর আজই প্রথম মেহেরপুরে কড়া রোদ পড়তে শুরু করেছে। বেলা বাড়ার সাথে সাথে মেহেরপুরের প্রধান সড়কগুলো একেবারে ফাঁকা অবস্থায় দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে অনাড়ম্বরভাবে মহান স্বাধীনতা দিবস পালন মেহেরপুরে

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস আজ ২৬ মার্চ। বাঙালি জাতির জীবনে অনন্যসাধারণ একটি দিন। সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগায় দিনটি।

১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনী স্বাধিকারের দাবিতে জেগে ওঠা নিরীহ বাঙালির ওপর চালিয়েছিল নির্মম হত্যাযজ্ঞ। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রেপ্তারের আগমুহূর্তে ২৬ মার্চের প্রথম প্রহরে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।

স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের সূচনার এই সময়টি জাতি নিবিড় আবেগের সঙ্গে স্মরণ করে। কিন্তু এবার এমন এক সময়ে ৪৯তম স্বাধীনতা দিবস সামনে এল, যখন নভেল করোনাভাইরাসের ব্যাপক সংক্রমণের কারণে বাংলাদেশসহ সারা বিশ্ব আক্রান্ত।

এই কারণে ৩১ বার তোপধ্বনি, শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ

সকালে মুজিবনগর স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে দিবসের সূচনা করা হয়। পরে জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো ওসমান গনি জাতীয় পতাকা উত্তোলন করেন। এর আগে সকালে মুজিবনগর উপজেলা পরিষদের পক্ষ থেকে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

একসাথে দুজন চলাফেরা নিষিদ্ধ

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সামাজিক দূরত্ব বজায় রাখা ও ঘরে অবস্থান নিশ্চিত করতে আজ বৃহস্পতিবার থেকে ঢাকার রাস্তায় চলাচল নিয়ন্ত্রণ করবে পুলিশ।

এ সময় সেনাবাহিনীও মাঠে থাকবে। সরকারের নানা পরামর্শ আর নির্দেশনার পরেও মানুষের মধ্যে সচেতনতা আসেনি। বরং মানুষ ঘরে থাকার চেয়ে ছুটির মুডে ঘুরে বেড়াচ্ছেন। ধর্মতাত্বিকরা বারবার ঘরে বসে নামাজ পড়ার আহ্বান জানালেও কিছু ‘অতি ধার্মিক’ লোক দেখানোর জন্য মসজিদে যাচ্ছে। এভাবেই ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস।

প্রয়োজন ছাড়া কাউকে রাস্তায় থাকতে দেওয়া হবে না। কেউ বের হলে তাঁকে পুলিশের জেরার মুখে পড়তে হবে। তবে সংবাদপত্রসহ জরুরি সেবা আওতামুক্ত থাকবে।

নির্দেশনা অনুযায়ী আজ থেকে সারাদেশে একসাথে দুজন চলাফেরা করতে পারবে না কেউ। জরুরি কাজ ছাড়া কেউ বাড়ির বাইরে যেতে পারবে না। আর গেলেও তাকে জিজ্ঞাসাবের মুখোমুখি হতে হবে।

এমন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ও করোনা আক্রান্তদের চিকিৎসা নিশ্চিত করতে সারাদেশে সশস্ত্র বাহিনী নামানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। উপকূলীয় এলাকায় কাজ করবে নৌবাহিনী। জরুরি ওষুধ সরবরাহ ও চিকিৎসা নিশ্চিত করবে বিমান বাহিনী আর শহরগুলোতে সার্বিক নির্দেশনা বাস্তবায়ন করবে সেনাবাহিনী।

কুষ্টিয়ায় দৈনিক দিনের খবর পত্রিকার উদ্যোগে ভাইরাস নাশক স্প্রে কর্মসূচি অনুষ্ঠিত

কুষ্টিয়ায় দৈনিক দিনের খবর পত্রিকার উদ্যোগে বিভিন্ন যানবাহনে ভাইরাস নাশক স্প্রে কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত শহরের শাপলা চত্বরে এ কর্মসূচি পালন করা হয়। শহরে আসা বিভিন্ন ভ্যান,রিক্সা, ইজি বাইক, মোটর সাইকেল সহ বিভিন্ন যানবাহনে এ ভাইরাস নাশক স্প্রে করা হয়।

এসময় এ কর্মসূচিতে উপস্থিত ছিলেন দৈনিক দিনের খবরের উপদেষ্টা ও কুষ্টিয়া চেম্বার অব কমার্সের সহ-সভাপতি এস এম কাদেরী শাকিল, কুষ্টিয়া থেকে প্রকাশিত দৈনিক দিনের খবর পত্রিকার প্রকাশক ও সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লু, যমুনা টেলিভিশনের কুষ্টিয়া প্রতিনিধি মাহাতাব উদ্দিন লালন, দৈনিক দিনের খবর পত্রিকার পরিচালনা পর্ষদের সহ সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক জাহিদ হোসেন, কোষাধ্যক্ষ আব্দুল মোমিন, ক্রীড়া সম্পাদক মোস্তাফিজুর রহমান (লিটন), সাংগঠনিক সম্পাদক রাসেল পারভেজ, যুগ্ম সম্পাদক বনি ইসরাঈল সিদ্দিকী, ভারপ্রাপ্ত সম্পাদক আব্দুর রাজ্জাক সহ ব্যবসায়ী ও স্থানীয় ব্যক্তিবর্গ।

এসময় স্প্রে-র পাশাপাশি সবাইকে সচেতনা মূলক বক্তব্য দেওয়া হয়। বক্তারা বলেন, করোনা ভাইরাস থেকে সবাইকে সচেতন হতে হবে। নিজ নিজ জায়গা বা ব্যবহিত জিনিসপত্র ভাইরাস নাশক স্প্রে দিয়ে পরিস্কার করতে হবে। দুই হাত পরিস্কার রাখতে হবে এবং সব সময় সচেতন থেকে চলাফেরার আহ্বান জানান।

[redacted]

[redacted]

[redacted]

[

দামুড়হুদায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য লাগামহীন বৃদ্ধি, হতাশায় খেটে খাওয়া মানুষ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ও কুড়ালগাছি ইউনিয়নের স্বল্প আয়ের খেটে খাওয়া মানুষ যারা দিন আনে দিন খায় এরাই পড়েছে সবচেয়ে বড় বিপাকে।

চাউল আটা থেকে শুরু করে ভোজ্য তৈল, পেয়াজ, রসুন, সবজি, লবণ সহ সব কিছুরি মূল্য আকাশ চুম্বি। সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে চলেগেছে।

যে মোটা চাউলের দাম ২৮ টাকা ছিলো আজকে তা ৩৮ টাকা যে আটার দাম ২২ টাকা ছিলো তা হয়েছে ৩০ টাকা। এমনটাই যদি হয় তাহলে এই প্রান্তিক মানুষ গুলো না খেয়ে থাকা ছাড়া কনো পথ নেই।

মাছ মাংস সবজির কথা বাদ দিলেও ডাল ও পেয়াজের দাম আকাশ ছোঁয়া।

কিন্তু সাধারণ খেটে খাওয়া মানুষ যারা ভ্যান চালক রিকশা চালক অটো চালক দিন মজুর তথা যারা দিন আনা দিন খায় এরা হতাশার সাগরে ভাসছে।

কয়েকজন এর কাছে বলতে শুনেছি, এইভাবে পরিবার পরিজন নিয়ে না খেয়ে ধুকে ধুকে মরার চেয়ে করোনাভাইরাস এ আক্রান্ত হয়ে মরে যাওয়া ভালো। কারণ কাজ কর্ম নেই বাহিরে সাভাবিক ভাবে চলা ফেরা করা যাচ্ছে না, আয় রোজগার বন্ধ কিন্তু বাজারে সব কিছুর দাম আকাশ ছোঁয়া এমনটাই যদি হয় তাহলে আমাদের বেচে থাকার আশা ভরসা কোথায়।

দেশের আইন কানুন ও কি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে?

বিভিন্ন সংবাদ মাধ্যমে অহরহ প্রচার হচ্ছে দেশের এই সংকটময় অবস্থায় দ্রব্য মূল্য নিয়ন্ত্রণে রাখার জন্য।

কিন্তু কে কার কথা শনে। কথায় বলে মনে মনে শেখ ফরিদ বগোলে ইট, এই অশাধু ব্যবসায়ীদের সরকারি বেসরকারি ভাবে যতই নিষেধ করা হোক না কেনো তাদের ব্যবসা তারা তাদের মতই করে চালিয়ে যাচ্ছে তারপরেও এই ভাগ্যে বঞ্চিত মানুষ গুলো চাতকের মত চেয়ে আছে।

অবিলম্বে এই লাগামহীন দ্রব্যে মূল্যর বিরুদ্ধে আইনি প্রনোয়ন করে প্রদক্ষেপ গ্রহন করা হোক।